বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
জনসংযোগ বিভাগ

...

সভাপতি	মোঃ তৌফিকুর রহমান তপু ব্যবস্থাপনা পরিচালক
সভার তারিখ	২৪ আগস্ট, ২০২১
সভার সময়	সকাল ১১.৩০ ঘটিকা
স্থান	ভার্চ্যুয়াল প্লাটফর্ম
উপস্থিতি	সকল ডিভিশনাল ও বিভাগীয় প্রধান, প্রকল্প পরিচালক এবং ফিল্ড/স্থাপনা ইনচার্জ।

সভাপতি আগস্ট, ২০২১ মাসে অনুষ্ঠিত কোম্পানির ৫৭তম মাসিক সমন্বয় সভায় অংশগ্রহণকারী সকলকে শুভেচ্ছা জানান। অদ্যকার সভা শোকের মাস আগস্ট-এ অনুষ্ঠিত হওয়ায় শুরুতে তিনি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা এবং ১৫ই আগস্টের সকল শহিদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে সভার কার্যক্রম শুরু করেন।

আলোচনা:

সভায় ১৩-০৭-২০২১ তারিখে অনুষ্ঠিত কোম্পানির ৫৬তম ভার্চ্যুয়াল সমন্বয় সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতিসহ অন্যান্য বিষয়ে নিম্নরূপ আলোচনা, পর্যালোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রঃনং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২.০।	অপারেশন ডিভিশন:		
২.১।	সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির হাইপ্রেসার পাইপলাইনের উপরস্থ/সংলগ্ন ভূমির উপর নির্মিত অবৈধ স্থাপনা উচ্ছেদের লক্ষ্যে ব্রাহ্মণবাড়িয়া জেলা প্রশাসনের সাথে যোগাযোগ অব্যাহত আছে। দেশের করোনা পরিস্থিতি স্বাভাবিক হলে জেলা প্রশাসনের সহযোগিতায় এ বিষয়ে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে।	ব্রাহ্মণবাড়িয়া জেলা প্রশাসনের সাথে আলোচনা করে কোম্পানির হাইপ্রেসার পাইপলাইনের উপরস্থ/সংলগ্ন ভূমিতে নির্মিত অবৈধ স্থাপনা উচ্ছেদের ব্যবস্থা করতে হবে।	মহাব্যবস্থাপক (প্রশাসন)/ (অপারেশন)/ উপ-মহাব্যবস্থাপক (তিতাস-দঃ)/ (নিরাপত্তা)
২.২।	সভাকে অবহিত করা হয় যে, প্রধান কার্যালয় এবং তিতাস লোকেশন-এ ও বি (অবশিষ্টাংশ) এর বাউন্ডারি ওয়ালসমূহের উপর রাউন্ড-শেপ কাঁটাতারের বেড়া (Concertina coil fencing) স্থাপনের জন্য ব্যয়ের প্রাক্কলন করা হয়েছে। অচিরেই এতদ্সংক্রান্ত নথি উপস্থাপন করা হবে।	প্রধান কার্যালয় এবং তিতাস লোকেশন-এ ও বি (অবশিষ্টাংশ) এর বাউন্ডারি ওয়ালসমূহের উপরে রাউন্ড-শেপ কাঁটাতারের বেড়া (Concertina coil fencing) স্থাপনের ব্যবস্থা করতে হবে।	মহাব্যবস্থাপক (টিএস)/(প্রশাসন)/ (অপারেশন)/ উপ-মহাব্যবস্থাপক (তিতাস-দঃ)/ (পুরকৌশল)/ (নিরাপত্তা)

২.৩।	উপ-মহাব্যবস্থাপক (নিরাপত্তা) সভাকে অবহিত করেন যে, কেপিআই প্রতিষ্ঠান হিসেবে বিজিএফসিএল-এর নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার নিমিত্ত কোম্পানির সকল ফিল্ড/স্থাপনাকে বিস্তৃত পরিসরে সিসিটিভির আওতাভুক্ত করা সংক্রান্ত কমিটির প্রতিবেদন উপস্থাপন করা হয়েছে। উক্ত প্রতিবেদন কর্তৃপক্ষ কর্তৃক পর্যালোচনা এবং প্রদত্ত নির্দেশনা মোতাবেক পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।	সার্বিক নিরাপত্তার স্বার্থে কোম্পানির সকল ফিল্ড/ স্থাপনাকে বিস্তৃত পরিসরে সিসিটিভির আওতাভুক্ত করার নিমিত্ত সংশ্লিষ্ট কমিটির প্রতিবেদন পর্যালোচনা করে পর্যায়ক্রমে যাবতীয় কার্যক্রম সম্পন্নের ব্যবস্থা করতে হবে।	সকল মহাব্যবস্থাপক এবং সংশ্লিষ্ট কমিটি
২.৪।	সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির কূপসমূহের পাশে সংশ্লিষ্ট কূপটির সংক্ষিপ্ত পরিচিতি সম্বলিত বোর্ড সাঁটানোর পরামর্শ অনুযায়ী প্রারম্ভিকভাবে তিতাস কূপ নং-১, ২ ও ৩ এর জন্য ৩টি বোর্ড তৈরি করা হয়েছে। কর্তৃপক্ষের সদয় সম্মতি সাপেক্ষে সেগুলো সংশ্লিষ্ট কূপের পাশে সাঁটানোর ব্যবস্থা করা যেতে পারে। সভায় কোম্পানির প্রধান কার্যালয়সহ বিভিন্ন ফিল্ড/লোকেশনের পরিষ্কার-পরিচ্ছন্নতার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভাকে অবহিত করা হয় যে, মশাবাহিত রোগের প্রাদুর্ভাব রোধে ব্লিচিং পাউডার এবং ফগার মেশিনের মাধ্যমে মশক নিধন ঔষধ নিয়মিতভাবে ছিটানো হচ্ছে। তবে, হাউজিং এলাকায় ইতস্তত-বিক্ষিপ্তভাবে ডাস্টবিন ব্যবহারের কারণে পরিষ্কার-পরিচ্ছন্নতার ক্ষেত্রে কিছুটা ব্যত্যয় পরিলক্ষিত হচ্ছে।	তিতাস কূপ নং-১, ২ ও ৩ এর সংক্ষিপ্ত বিবরণ/পরিচিতি সম্বলিত প্রস্তুতকৃত বোর্ডগুলো অবলোকন ও যাচাই করে সংশ্লিষ্ট কূপের পাশে সাঁটানোর ব্যবস্থা করতে হবে। পরিষ্কার-পরিচ্ছন্নতার বিষয়ে সকল ডিভিশনাল ও বিভাগীয় প্রধানগণকে অধিকতর আন্তরিক ও তৎপর হতে হবে এবং সকল ফিল্ড/লোকেশন/স্থাপনায় থাকা ডাস্টবিনসমূহের সঠিক ব্যবহার নিশ্চিত করতে হবে।	সকল মহাব্যবস্থাপক এবং উপ-মহাব্যবস্থাপক
৩.০।	পরিকল্পনা ও উন্নয়ন ডিভিশন :		
৩.১।	মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন) সভাকে অবহিত করেন যে, তিতাস-জি লোকেশনে ETP স্থাপনের লক্ষ্যে টেন্ডার ডকুমেন্ট প্রণয়ন করা হয়েছে। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অনুমোদন সাপেক্ষে অচিরেই দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশের ব্যবস্থা গ্রহণ করা হবে।	তিতাস-জি লোকেশনে ETP স্থাপনের লক্ষ্যে উন্মুক্ত দরপত্র বিজ্ঞপ্তি আহ্বানসহ যাবতীয় টেন্ডারিং কার্যক্রম যথাশীঘ্র সম্পন্ন করতে হবে।	মহাব্যবস্থাপক (টিএস)/ (পিডি) এবং উপ-মহাব্যবস্থাপক (ইএস)/(সিভিল)

৩.২।	প্রকল্প কার্যক্রম সম্পন্নের পর left-over মালামালসমূহের সুষ্ঠু ব্যবস্থাপনার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। কোন প্রকল্প সমাপ্ত হলে left-over মালামাল অন্য প্রকল্পে বা কোম্পানির প্রয়োজনে ব্যবহার করা যায় কি না, তা গুরুত্ব সহকারে দেখা প্রয়োজন মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়।	প্রকল্প সমাপনান্তে left-over মালামাল অন্য প্রকল্পে বা কোম্পানির কাজে ব্যবহার করা যায় কিনা, সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে।	সকল মহাব্যবস্থাপক ও উপ-মহাব্যবস্থাপক
৪.০।	রক্ষণাবেক্ষণ ডিভিশন :		
৪.১।	সভাকে অবহিত করা হয় যে, নরসিংদী, হবিগঞ্জ এবং মেঘনা ফিল্ডে সদ্য সংগৃহীত সফটওয়্যারের মাধ্যমে স্টক ম্যানেজমেন্ট কার্যক্রম পরিচালিত হচ্ছে। এ ডিজিটালাইজেশন ব্যবস্থা গ্রহণের ফলে স্টক ম্যানেজমেন্ট কার্যক্রম দ্রুত, নিরাপদ এবং অত্যন্ত ফলপ্রসূ হয়েছে। কর্তৃপক্ষের সময়োপযোগী দিকনির্দেশনার জন্য সংশ্লিষ্ট সকলে সভায় ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন।	স্টক ম্যানেজমেন্ট সফটওয়্যারসমূহের কার্যকর ব্যবহার নিশ্চিত করতে হবে। প্রকল্পসমূহে উক্ত সফটওয়্যার ব্যবহারের বিষয়টি বিবেচনা করা যেতে পারে ।	মহাব্যবস্থাপক (রক্ষণাবেক্ষণ)/ উপ-মহাব্যবস্থাপক (হবিগঞ্জ)/ (নরসিংদী)/ (মেঘনা)
৪.২।	সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির স্টোর এন্ড ইনভেন্টরি কন্ট্রোল বিভাগের স্টক ম্যানেজমেন্ট সফটওয়্যারটির আপগ্রেডেশন কার্যক্রম অচিরেই সম্পন্ন হবে বলে আশা করা যাচ্ছে।	স্টোর এন্ড ইনভেন্টরি কন্ট্রোল বিভাগের স্টক ম্যানেজমেন্ট সফটওয়্যারটির আপগ্রেডেশন যথাশীঘ্র সম্পন্ন করতে হবে।	মহাব্যবস্থাপক (রক্ষণাবেক্ষণ) ও উপ-মহাব্যবস্থাপক (এসটিআইসি)
৪.৩।	সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির ডিজিটালাইজেশন কার্যক্রমে ক্লাউড স্টোরেজ ব্যবহারের বিষয়ে কোম্পানির গঠিত কমিটির প্রতিবেদন অচিরেই উপস্থাপন করা হবে।	কোম্পানির ডিজিটালাইজেশন কার্যক্রমে ক্লাউড স্টোরেজ ব্যবহারের ব্যবস্থা করতে হবে।	মহাব্যবস্থাপক (রক্ষণাবেক্ষণ) এবং কমিটির সদস্যবৃন্দ
৫.০।	প্রশাসন ডিভিশন:		
৫.১।	সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির সাংগঠনিক কাঠামো পুনর্বিন্যাসের সাথে কম্পিউটার সংক্রান্ত TOE সংশোধনের বিষয়টি বোর্ডের বিবেচনা ও অনুমোদনের ব্যবস্থা নেয়া হচ্ছে।	কোম্পানির সাংগঠনিক কাঠামো পুনর্বিন্যাসের সাথে কম্পিউটার সংক্রান্ত TOE সংশোধন প্রস্তাব পরিচালনা পর্ষদ সভায় উত্থাপন করতে হবে।	মহাব্যবস্থাপক (প্রশাসন)
৫.২।	সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির কনডেমনেশন কমিটি পুনর্গঠন প্রস্তাব সদয় অবগতি ও অনুমোদনের জন্য পরিচালনা পর্ষদের সভায় উপস্থাপনের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।	কোম্পানির কনডেমনেশন কমিটি পুনর্গঠন প্রস্তাব সদয় অবগতি ও অনুমোদনের জন্য পরিচালনা পর্ষদের পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	মহাব্যবস্থাপক (প্রশাসন)

৫.৩।	মুজিববর্ষ ও স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদযাপন উপলক্ষ্যে কোম্পানির সুসজ্জিতকরণ কার্যক্রম তথা লাইটিং বোর্ড, ড্রপডাউন, ব্যানার-ফেস্টুন প্রভৃতি অনাকাঙ্ক্ষিত ভাংচুর/তাণ্ডবে সম্পূর্ণভাবে বিনষ্ট হয়ে গেছে। এমতাবস্থায়, মুজিববর্ষ এবং স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী সংক্রান্ত কিছু ডিসপ্লে বোর্ড প্রধান কার্যালয়ে স্থাপন করা প্রয়োজন মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়।	মুজিববর্ষ ও স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী সময়কালে সকল জাতীয় দিবস ও অনুষ্ঠানসমূহ মন্ত্রণালয় এবং পেট্রোবাংলার নির্দেশনা অনুসরণে যথাযথ মর্যাদায় উদযাপন করতে হবে। এ উপলক্ষ্যে ইতোপূর্বে কোম্পানি কর্তৃক স্থাপিত ব্যানার-ফেস্টুনসমূহ অনাকাঙ্ক্ষিত ভাংচুর/তাণ্ডবে বিনষ্ট হয়ে যাওয়ায় সেগুলো পুনস্থাপনের উদ্যোগ নেয়া যেতে পারে।	মহাব্যবস্থাপক (প্রশাসন)/কোম্পানি সচিব
৫.৪।	সভাকে অবহিত করা হয় যে, সবুজায়নের মাধ্যমে প্রধান কার্যালয় ভবনের সৌন্দর্য বৃদ্ধিকল্পে প্রধান কার্যালয়ের ২য় তলায় সবুজ লতা-গুল্ম, গাছ-গাছালির চারা রোপণ করা হয়েছে। উপর্যুক্ত সবুজায়ন কার্যক্রম কোম্পানির নিজস্ব ব্যবস্থাপনায় প্রধান কার্যালয়ের ৪র্থ তলায় এক্সটেনশনের কার্যক্রম গ্রহণ করা হয়েছে।	প্রধান কার্যালয় ভবনের সবুজায়ন কার্যক্রম দৃষ্টিনন্দন এবং মানসম্পন্নভাবে সম্পাদনে সচেষ্ট হতে হবে।	মহাব্যবস্থাপক (প্রশাসন) এবং উপ-মহাব্যবস্থাপক (সার্ভিসেস) ও সংশ্লিষ্ট কমিটি
৫.৫।	সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির সকল স্থায়ী কর্মকর্তা ও কর্মচারীর সার্ভিস রেকর্ড সদ্য সংগৃহীত কাস্টমাইজড সফটওয়্যারের মাধ্যমে পরিচালনার কার্যক্রম অচিরেই চূড়ান্তকরণ করা যাবে বলে আশা করা যাচ্ছে।	সংগৃহীত কাস্টমাইজড সার্ভিস রেকর্ড সফটওয়্যারে কর্মকর্তা ও কর্মচারীর কি কি তথ্য (Database) সংরক্ষিত থাকবে এবং সফটওয়্যারটির অপারেটিং প্রসেস এর সংক্ষিপ্তসার ব্যবস্থাপনা পরিচালক বরাবর উপস্থাপন করতে হবে।	মহাব্যবস্থাপক (প্রশাসন)
৫.৬।	মেডিক্যাল বিভাগ : সভাকে অবহিত করা হয় যে, করোনা পরিস্থিতির কারণে সকল কর্মকর্তা, কর্মচারী এবং আউটসোর্সিংদের মাস্ক ব্যবহার নিশ্চিত করা হয়েছে। করোনাকালীন ইমার্জেন্সি পরিস্থিতি সামাল দেয়ার জন্য সমন্বয় সভার নির্দেশনা মোতাবেক পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। ড্রাগ এডিকশন বিষয়ে কোম্পানি কর্তৃপক্ষ জিরো টলারেন্স অবস্থানে রয়েছে। কোম্পানির ফিল্ড/স্থাপনার মেডিক্যাল রুমে ডোপ টেস্ট এর ব্যবস্থা রয়েছে এবং সকল ফিল্ড/স্থাপনায় এ বিষয়ে গঠিত কমিটিসমূহ সক্রিয় রয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়।	পরবর্তী সরকারী নির্দেশনা না আসা পর্যন্ত কোম্পানির No Mask, No Service অবস্থান নিশ্চিত করতে হবে। ড্রাগ এডিকশন প্রতিরোধের জন্য গঠিত কমিটিসমূহকে অধিকতর তৎপর হতে হবে এবং প্রযোজ্য ক্ষেত্রে ডোপ টেস্ট এর ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সকল মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক/ ডেপুটি চীফ মেডিক্যাল অফিসার, কোম্পানির সকল মেডিক্যাল অফিসার এবং সংশ্লিষ্ট কমিটি

৫.৭।	মানবসম্পদ বিভাগ: সভাকে অবহিত করা হয় যে, কর্মকর্তা নিয়োগের লক্ষ্যে লিখিত পরীক্ষা অনুষ্ঠানের বিষয়ে বুয়েট এবং আইবিএ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাথে যোগাযোগ করা হচ্ছে। কর্মচারী নিয়োগের বিষয়টি কোম্পানির পরিচালনা পর্ষদের সভায় উপস্থাপন করা হয়েছে। সভায় কর্মচারী নিয়োগ বিজ্ঞপ্তি অনুমোদনসহ নিয়োগ প্রক্রিয়া শুরু করার অনুমতি প্রদান করা হয়।	কোম্পানির পরিচালনা পর্ষদের নির্দেশনা অনুযায়ী কর্মকর্তা নিয়োগের লিখিত পরীক্ষা অনুষ্ঠানের ব্যবস্থা করতে হবে এবং যথাশীঘ্র কর্মচারী নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের ব্যবস্থা করতে হবে।	মহাব্যবস্থাপক (প্রশাসন)/ উপ-মহাব্যবস্থাপক (এইচআর)
৫.৮।	সভাকে অবহিত করা হয় যে, ট্যাক্স-ভ্যাট ও অর্থ আইনের উপর অর্থ ও হিসাব ডিভিশনের কর্মকর্তাদের পাশাপাশি প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা এবং ফিল্ড/স্থাপনাসমূহের সংশ্লিষ্ট কর্মকর্তাগণের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। তাছাড়া, চাকুরী সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে পেট্রোবাংলার পরিচালক (প্রশাসন) মহোদয়ের সাথে যোগাযোগ করে প্রশাসনিক বিষয়ে প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে।	ট্যাক্স-ভ্যাট ও অর্থ আইনের উপর অর্থ ও হিসাব ডিভিশনের কর্মকর্তাদের পাশাপাশি প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা এবং ফিল্ড/স্থাপনাসমূহের সংশ্লিষ্ট কর্মকর্তাগণের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। চাকুরী সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে কোম্পানি বোর্ডের চেয়ারম্যান মহোদয় এবং পেট্রোবাংলার চেয়ারম্যান মহোদয়ের প্রজ্ঞা ও অভিজ্ঞতা সম্পর্কে অবহিত হওয়ার লক্ষ্যে তাঁদের পরিচালনায় ইনহাউজ প্রশিক্ষণের উদ্যোগ নিতে হবে।	মহাব্যবস্থাপক (প্রশাসন)/(অর্থ ও হিসাব) এবং উপ-মহাব্যবস্থাপক (অর্থ)/(এইচআর)
৬.০।	আর্থিক ও হিসাব কার্যক্রম :		
৬.১।	সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির অপারেশনাল ব্যয় বিশেষ করে অধিকাল ভাতা, মুদ্রণ ও মনোহারী, যাতায়াত খরচ, আপ্যায়ন ব্যয়, যানবাহন ভাড়া ও মেরামত ব্যয়, পিওএল (জ্বালানি ব্যয়), টিএ/ডিএ ইত্যাদি খাতের ব্যয় সরকারি সিদ্ধান্ত ও পেট্রোবাংলার নির্দেশনা যথাযথভাবে অনুসরণের জন্য সকলকে আরও সচেষ্ট হওয়া প্রয়োজন।	সকল প্রকার ব্যয় সংকোচন এবং বাজেট সীমার মধ্যে ব্যয় নিয়ন্ত্রণ ও পরিচালনে সরকারি সিদ্ধান্ত ও পেট্রোবাংলার নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করতে হবে।	সকল মহাব্যবস্থাপক/ উপ-মহাব্যবস্থাপক/ ফিল্ড ইনচার্জ
৭.০।	কোম্পানি সচিবালয় :		

৭.১।	২০২০-২০২১ অর্থবছরের জন্য অনুমোদিত APA এর কর্মপরিকল্পনার সফল বাস্তবায়নে কোম্পানি সচেষ্ট আছে। ইতোমধ্যে APA এর ২০২১-২০২২ অর্থবছরের লক্ষ্যমাত্রার খসড়াও প্রণয়ন করে পেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছে।	APA এর ২০২১-২০২২ অর্থবছরের লক্ষ্যমাত্রার শতভাগ (১০০%) অর্জনে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট থাকতে হবে।	সকল মহাব্যবস্থাপক ও সংশ্লিষ্ট কমিটি
৭.২।	সভাকে অবহিত করা হয় যে, ই-নথির আপগ্রেড ভার্সনের উপর প্রশিক্ষণের বিষয়ে সরকারের সংশ্লিষ্ট বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত আছে। সভাকে আরও অবহিত করা হয় যে, ইতোপূর্বে ই-নথির সাথে একসেবা কার্যক্রম একীভূত করার সরকারি পরিকল্পনা থাকলেও বর্তমানে একসেবা কার্যক্রম পৃথকভাবে পরিচালনের উদ্যোগ নেয়া হয়েছে। এক্ষেত্রে সরকারের সকল দপ্তর/সংস্থায় একসেবা কার্যক্রম পর্যায়ক্রমে চালুকরণের উদ্যোগ নেয়া হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়।	ই-নথির আপগ্রেডেড ভার্সনের উপর প্রশিক্ষণ এবং বিজিএফসিএল-কে একসেবা কার্যক্রমের সাথে সম্পৃক্তকরণের বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	সকল মহাব্যবস্থাপক/ উপ-মহাব্যবস্থাপক/ প্রকল্প পরিচালক

পরিশেষে, ব্যবস্থাপনা পরিচালক দেশের করোনা পরিস্থিতিতে সতর্কতার সাথে যথাযথ স্বাস্থ্যবিধি মেনে চলার কথা পুনর্ব্যক্ত করেন। তিনি ভিড় এড়িয়ে এবং যথাসম্ভব যাতায়াত কমিয়ে চলাচলের জন্য পরামর্শ প্রদান করেন। দেশ করোনা মহামারীর সংকটকাল থেকে উত্তরণে সক্ষম হবে - এ আশাবাদ ব্যক্ত করে সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি সভার সমাপ্তি ঘোষণা করেন।

তারিখ, ব্রাহ্মণবাড়িয়া
৯ ভাদ্র, ১৪২৮
২৪ আগস্ট, ২০২১

মোঃ তৌফিকুর রহমান তপু
ব্যবস্থাপনা পরিচালক

স্মারক নম্বর: ২৮.১০.১২১৩.৮৭৬.৪২.০০১.২১.১২৯

তারিখ: ২২ ভাদ্র ১৪২৮
০৬ সেপ্টেম্বর ২০২১

বিতরণ :

১) সকল মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক/প্রকল্প পরিচালক/ফিল্ড ইনচার্জ

এ.টি.এম. শাহ আলম
কোম্পানী সচিব/মহাব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব)